গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খলিলুর রহমান<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৮ অক্টোবর ২০২১ |
| সভার সময় | বিকাল ৩.০০ টা |
| স্থান | Zoom Application এর ভিডিও কনফারেন্স |
| উপস্থিতি | Zoom এর উপস্থিতি |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত ২৬ আগস্ট ২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ় করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:**<br>প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় সকল বিভাগীয় অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয় আলোচিত হয়। বিভাগের ৫৭টি দপ্তরের মধ্য হতে ৫৬টি দপ্তরের প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। তন্মধ্যে কর কমিশনার থেকে প্রতিবেদন পাওয়া যায়নি। সভায় জানানো হয় যে ইতোমধ্যে কর কমিশনার মহোদয়ের সাথে ব্যক্তিগত যোগাযোগ করা হয়েছে এবং পত্র পুনরায় ই-মেইলে প্রেরণ করা হয়েছে। আশা করা যায় আগামী এক সপ্তাহের মধ্যে সকল দপ্তরের তথ্য পাওয়া যাবে। | (ক) প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(খ) কর কমিশনার কার্যালয় থেকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য সংগ্রহ নিশ্চিত করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| **০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:**<br>সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয় আলোচিত হয়। সভায় বিভাগীয় ৫৭টি দপ্তরের মধ্যে ৩৯টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের তথ্য উপস্থাপন করা হয়। | (ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে হবে।<br>(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| **০৩. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:**<br>সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয় আলোচিত হয়। | তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | |
|---|---|---|
| **০৪. সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ :**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি উল্লেখ করেন যে, স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ স্ব-স্ব ওয়েব সাইটে সঠিকভাবে প্রকাশ করা হলে বেশিরভাগ তথ্যই জনগণের নাগালে পৌঁছে যাবে। ফলে তথ্য প্রাপ্তির জন্য আবেদনের সংখ্যাও কমে যাবে। তিনি দাপ্তরিক ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে সকলের ইতিবাচক দৃষ্টিভঙ্গী থাকার বিষয়ে গুরুত্বারোপ করেন। | (ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্ব- প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(খ) বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| **৫. বিবিধ:**<br>ক. তথ্য অধিকার সংক্রান্ত পুরস্কার:<br>সভায় জানানো হয় যে ২০২০ খ্রিস্টাব্দের জন্য বিভাগীয় পর্যায়ের দপ্তর হিসেবে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট ১ম পুরস্কার অর্জন করেছে। সভাপতি সকলের সম্মিলিত প্রয়াসে এই পুরস্কার প্রাপ্তিতে সন্তোষ প্রকাশ করেন এবং ২০২১ সনেও তথ্য অধিকার পুরস্কার প্রাপ্তির লক্ষ্যে সকলকে নিষ্ঠার সাথে কর্মসম্পাদনের জন্য অনুরোধ জানান।<br>খ. তথ্য অধিকার আইন সম্পর্কিত প্রচার:<br>বেগম তামান্না আহমেদ, পরিচালক, আইডিয়া জানান যে, তথ্য অধিকার আইনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। তিনি জানান যে, তথ্য আবেদন ফরম অনেক সময় পাওয়া যায় না। ফরম সহজলভ্য করার বিষয়ে তিনি মতামত প্রকাশ করেন। সভায় জানানো হয় যে ফরম অনলাইনে পাওয়া যায়। হার্ড কপির চেয়ে অনলাইনে ফরম অতিসহজে পাওয়া যায়। তিনি মাধ্যমিক স্কুল পর্যায়ের পাঠ্যপুস্তকে তথ্য অধিকার আইনের বিষয়টি তুলে ধরার অনুরোধ জানান। জনাব এমাদ উল্লা শহীদুল ইসলাম কিছু কিছু দপ্তরে চাহিত তথ্য সরবরাহে অনাগ্রহতা প্রকাশের বিষয়টি তুলে ধরেন।<br>গ. অনলাইনে আপিল শুনানী:<br>সভায় জানানো হয় যে অনলাইনে তথ্য সংগ্রহ করার সুযোগ রয়েছে। সম্প্রতি তথ্য অধিকার সংক্রান্ত আপিল শুনানীও অনলাইনে গ্রহণ করা হচ্ছে। বিভাগীয় কমিশনার কার্যালয়, সিলেট এ তথ্য অধিকার সংক্রান্ত অপিল অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে সভাকে অবহিত করা হয়। | ক. তথ্য অধিকার সংক্রান্ত পুরস্কার লাভ করায় সংশ্লিষ্টদের অভিনন্দন জ্ঞাপন করা হয়।<br>খ. তথ্য অধিকার আইন সম্পর্কিত প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.১০৮৫

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার